মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের নির্বাচনে বিনা প্রতিদ্বন্দীতায় সাধারণ সম্পাদকসহ ২৬ জন বিজয়ী

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের দ্বি-বার্ষিক নির্বাচনে শুধুমাত্র সভাপতি পদ ছাড়া বাকি ২৬টি পদের প্রার্থীদের বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হয়েছে। সভাপতি পদে ২ জন প্রার্থী প্রতিদ্বন্দীতা করছেন। তারা হলেন বর্তমান সভাপতি গোলাম রসুল এবং সাবেক সহসভাপতি এসকেন আলী।

আগামী ২৮ ফেব্রুয়ারি এই একটি পদের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে ৩৭৩ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করে সভাপতি নির্বাচন করবেন।

এদিকে ২৬ টি পদের প্রার্থীদের বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হওয়ায় রবিবার দুপুরের দিকে মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের নির্বাচন পরিচালনার দায়িত্বে নিয়োজিত নির্বাচন কমিশনার আব্দুল্লাহ আল আমিন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিতদের নাম ঘোষণা করেন। এ সময় নির্বাচন পরিচানাকারী কমিটির সদস্য নুরুল আহমেদ, মাহবুব চান্দু উপস্থিত ছিলেন।

বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিতরা হলেন সাধারণ সম্পাদক বর্তমান সম্পাদক মিজানুর রহমান রানা, সহ-সভাপতি পদে আসাবুল হক, মাহফুজুর রহমান রিটন, হাফিজুর রহমান, আনোয়ার সাদাত খোকন, সহ সাধারণ সম্পাদক সালাউদ্দিন আহমেদ শহীদ, মুস্তাক আহমেদ বাবু, নুরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক সোহরাব হোসেন, আশরাফুল হক বাবু, সড়ক সম্পাদক আনিসুর রহমান, আব্দুর রশিদ, ক্রীড়া সম্পাদক ইসরাফিল হোসেন, প্রচার সম্পাদক রবিউল ইসলাম, কোষাধ্যক্ষ আমিনুর ইসলাম | কার্যনির্বাহী সদস্য সুমন আলী,মহব্বত হোসেন,তানভির আহমেদ রানা, রফিকুল ইসলাম, মফিজল ইসলাম, আজিজুল বারী মুকুল, আব্দুল খালেক, মুক্তি মিয়া, জাকারিয়া, আলমিজ হোসেন, সাকি রেজাউল হক।

স্কটল্যান্ডকে উড়িয়ে দিল বাংলাদেশের মেয়েরা

কমনওয়েলথ গেমসের বাছাইপর্বের প্রথম ম্যাচে স্বাগতিক মালয়েশিয়াকে ও দ্বিতীয় ম্যাচে কেনিয়াকে বড় ব্যবধানে হারায় বাংলাদেশের নারী ক্রিকেট দল। বড় জয়ের ধারাবাহিকতা ধরে রেখেছে তৃতীয় ম্যাচেও। রবিবার সকালে স্কটল্যান্ডকেও উড়িয়ে দিয়েছে সালমা-মুর্শিদারা। বাংলাদেশ জিতেছে ৯ উইকেটে।

কুয়ালালামপুরের কিনরারা একাডেমি মাঠে বাংলাদেশের জয়ের লক্ষ্য ছিল মাত্র ৭৮। ১৫ দশমিক ২ ওভারে ১ উইকেট হারিয়ে জয় তুলে নেয় নিগার সুলতানার দল। অবশ্য রান তাড়া করতে নেমে প্রথম বলেই উইকেট হারায় বাংলাদেশ। অধিনায়ক ক্যাথরিন ব্রাসির বলে উইকেটের পেছনে সারা ব্রাসির হাতে ক্যাচ দিয়ে আউট হন শামীমা সুলতানা। মুর্শিদা ৫৫ বলে ৬টি চার ও ১ ছক্কায় অপরাজিত ৫০ রান করেন। ৩৬ বলে ১ চারে অপরাজিত ২০ রান করেন ফারজানা।

এর আগে, টস জিতে ব্যাট করতে নামা স্কটল্যান্ডের ইনিংস গুটিয়ে যায় ৭৭ রানে। বল হাতে বাংলাদেশের সালমা খাতুন, সুরাইয়া আজমিন, নাহিদা আক্তার ও সানজিদা আক্তার মেঘলা ২টি করে উইকেট নেন। ১টি উইকেট নেন রিতু মনি। বাছাইপর্বের শেষ ম্যাচে আগামীকাল সোমবার সকালে শ্রীলঙ্কার মুখোমুখি হবে বাংলাদেশ নারী ক্রিকেট দল।

পুলিশ সপ্তাহ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

‘দক্ষ পুলিশ, সমৃদ্ধ দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ’ —এ স্লোগানে শুরু হয়েছে ‘পুলিশ সপ্তাহ-২০২২’।

কারণে গত বছর পুলিশ সপ্তাহ উদযাপন না হওয়ায় এবার ২০২০ ও ২০২১ সালের বিপিএম-পিপিএম পদক একসঙ্গে দেওয়া হবে। মোট ২৩০ পুলিশ কর্মকর্তা বিপিএম ও পিপিএম পদক পাচ্ছেন।

প্রতি বছর প্রধানমন্ত্রী এ পদকসংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রদান করেন। এবারও প্রধানমন্ত্রীর পক্ষে পদক তুলে দেবেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল।

করোনা মহামারির কারণে গত বছর বাংলাদেশ পুলিশের বড় সম্মেলন পুলিশ সপ্তাহ অনুষ্ঠিত হয়নি। তবে এবার করোনা চোখ রাঙানি উপেক্ষা করে কঠোর বিধিনিষেধ অনুসরণের মধ্য দিয়ে হচ্ছে পুলিশ সপ্তাহ-২০২২।

সংসদে উত্থাপন ইসি গঠন আইন বিল

জাতীয় সংসদে বিল আকারে উত্থাপন করা হলো নির্বাচন কমিশন (ইসি) গঠন সংক্রান্ত খসড়া আইন।

রোববার বেলা ১১টার দিকে একাদশ জাতীয় সংসদের ১৬তম অধিবেশনে এই বিল উত্থাপন করেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক।

বিলটি উত্থাপনের পর অধিকতর পরীক্ষা-নিরীক্ষার জন্য তার মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটিতেই বিলটি পাঠানো হবে।

পাঁচ দিন বিরতির পর আজ বেলা ১১টায় একাদশ জাতীয় সংসদের ১৬তম অধিবেশন আবার শুরু হয়। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এতে সভাপতিত্ব করছেন।

সংবিধানের ১১৮ (১) অনুচ্ছেদ অনুযায়ী প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এবং নির্বাচন কমিশনার (ইসি) নিয়োগের জন্য বিলটি আনা হচ্ছে। কেএম নূরুল হুদার নেতৃত্বাধীন বর্তমান ইসির মেয়াদ শেষ হচ্ছে আগামী ১৪ ফেব্রুয়ারি। তার আগেই রাষ্ট্রপতিকে নতুন কমিশন গঠন করতে হবে। সেক্ষেত্রে আইনটি জাতীয় সংসদে উত্থাপন ও পাস করে

গেজেট আকারে প্রকাশের জন্য হাতে চার সপ্তাহ সময় রয়েছে।

এর আগে গত ১৭ জানুয়ারি ‘প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার নিয়োগ আইন- ২০২২’ এর খসড়া নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

আজ সংসদে উঠছে নির্বাচন কমিশন আইন

নির্বাচন কমিশন (ইসি) গঠন সংক্রান্ত খসড়া আইন জাতীয় সংসদে আজ রোববার বিল আকারে উত্থাপন করা হচ্ছে। আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক এটি উত্থাপন করবেন। পরে অধিকতর পরীক্ষা-নিরীক্ষার জন্য তার মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটিতেই বিলটি পাঠানো হবে। জাতীয় সংসদ সচিবালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

পাঁচদিন বিরতির পর আজ রোববার বেলা ১১টায় একাদশ জাতীয় সংসদের ১৬তম অধিবেশন আবার শুরু হচ্ছে। পাঁচদিন মুলতবির পর শুরু হওয়া এ অধিবেশনে নির্বাচন কমিশন (ইসি) গঠন সংক্রান্ত বিল বা খসড়া আইনটি উত্থাপিত হবে।

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এতে সভাপতিত্ব করবেন। সংবিধানের ১১৮(১) অনুচ্ছেদ অনুযায়ী প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এবং নির্বাচন কমিশনার (ইসি) নিয়োগের জন্য বিলটি আনা হচ্ছে। কেএম নূরুল হুদার নেতৃত্বাধীন বর্তমান ইসির মেয়াদ শেষ হচ্ছে আগামী ১৪ ফেব্রুয়ারি। তার আগেই রাষ্ট্রপতিকে নতুন কমিশন গঠন করতে হবে। সেক্ষেত্রে আইনটি জাতীয় সংসদে উত্থাপন ও পাস করে গেজেট আকারে প্রকাশের জন্য হাতে চার সপ্তাহ সময় রয়েছে। এর আগে গত ১৭ জানুয়ারি ‘প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার নিয়োগ আইন- ২০২২’ এর খসড়া নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

ওইদিন মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম গণমাধ্যমকর্মীদের বলেন, রাষ্ট্রপতির অনুমোদন নিয়ে প্রধান

নির্বাচন কমিশনার (সিইসি) এবং নির্বাচন কমিশনার নিয়োগের জন্য একটি অনুসন্ধান কমিটি গঠন করা হবে। সিইসি ও ইসি নিয়োগে যোগ্যতার বর্ণনা দিয়ে সচিব বলেন, প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার হতে হলে তাকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বয়স কমপক্ষে ৫০ বছর হতে হবে।

একইসঙ্গে কোনো গুরুত্বপূর্ণ সরকারি, আধাসরকারি, বেসরকারি বা বিচার বিভাগীয় পদে কমপক্ষে ২০ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সংসদ সচিবালয়ের একাধিক সূত্র জানিয়েছে, সংসদীয় কমিটির রিপোর্টের জন্য বিলটির সময় খুব কম দেওয়া হবে এবং যত দ্রুত সম্ভব বিলটি পাস করা হবে। এটি পাস হওয়ার পরে নতুন নির্বাচন কমিশন আইনের আলোকে সিইসি ও ইসি নিয়োগ করা হবে। ইসি গঠনে কোনো আইন না থাকায় এর আগে তৃতীয়বারের মতো ইসি গঠন নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপ করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।

ইসি গঠন নিয়ে ২০১১ সালে প্রথম সংলাপ শুরু করেন প্রয়াত রাষ্ট্রপতি জিল্লুর রহমান। এবারের সংলাপে অংশ নিয়ে রাষ্ট্রপতির কাছে নির্বাচন কমিশন আইন প্রণয়ন ও স্বাধীন, নিরপেক্ষ, শক্তিশালী ইসি গঠনের দাবি জানিয়েছে প্রায় সবগুলো রাজনৈতিক দলই। গত ১৬ জানুয়ারি ১৬তম অধিবেশন শুরু হয়। সংবিধানের বিধান অনুযায়ী, বছরের প্রথম অধিবেশন হিসেবে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এদিন জাতীয় সংসদে ভাষণ দেন।

১৭ জানুয়ারি এ ভাষণ সম্পর্কে চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী ধন্যবাদ প্রস্তাব উত্থাপন করেন। এটি সমর্থন করেন সরকারি দলের সদস্য সামসুল হক টুকু। ওই দিন ভাষণ সম্পর্কে ধন্যবাদ প্রস্তাবের ওপর সাধারণ আলোচনা শুরু হয়। প্রথম দিন ২ জন প্রতিমন্ত্রীসহ বেশ কয়েকজন সংসদ সদস্য আলোচনায় অংশ নেন। দিনের আলোচনা শেষে স্পিকার ২৩ জানুয়ারি রোববার বেলা ১১টায় পর্যন্ত অধিবেশন মুলতবি করেন।

আলমডাঙ্গায় ফেন্সিডিলসহ আটক এক

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় র্যাব-৬ মাদক বিরোধী অভিযান চালিয়ে মিরপুর উপজেলার বিরামপুর গ্রামের মাদক ব্যবসায়ী ফজর আলীকে

ফেন্সিডিল ও ইয়াবাসহ আটক করেছে।

আজ শনিবার বেলা ১১টার দিকে আলমডাঙ্গা বধ্যভূমি এলাকা থেকে ফজর আলীকে ৪০ বোতল ফেন্সিডিল ও ১শ পিস ইয়াবাসহ আটক করে।

জানা গেছে, কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার মালিহাদ ইউনিয়নের বিরামপুর গ্রামের আরজুল আলীর ছেলে ফজর আলী (৩২) দীর্ঘদিন ধরে মাদক বিক্রয় করে আসছিল। সে বাইরে থেকে ইয়াবা ও ফেন্সিডিল নিয়ে এসে এলাকায় খুচরা এবং পাইকারি বিক্রয় করত। ২২ জানুয়ারী শনিবার র্যাব-৬“র সিপিসি-২ গাংনী ক্যাম্পের ডিএডি রেজাউল করীম সঙ্গীয় এসআই প্রদ্যুত কুমার প্রামানিকসহ ফোর্স নিয়ে অভিযানে বের হয়।

এসময় গোপন সংবাদের ভিত্তিতে সংবাদ পেয়ে আলমডাঙ্গা বধ্যভ‚মি এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। মাদক ব্যবসায়ী ফজর আলী র্যাবের উপস্থিত টের পেয়ে পালানো চেষ্টাকালে কৌশলে তাকে আটক করে। আটকের পর তার হাতে থাকা একটি প্লাটিকের বাজার করা ব্যাগ থেকে ৪০ বোতল ফেন্সিডিল এবং ১শ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। পরে র্যাব-৬ এর গাংনী ক্যাম্পের ডিএডি রেজাউল করীম বাদী হয়ে আলমডাঙ্গা থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করেন।

ঝিনাইদহে ট্রাকের ধাক্কায় সেনা সদস্য নিহত

ঝিনাইদহের শৈলকুপায় ট্রাকের ধাক্কায় মোটরসাইকেল আরোহী এক সেনা সদস্য নিহত হয়েছে।

শনিবার সন্ধ্যায় আনুমানিক ৬ টা দিকে শৈলকুপা উপজেলার আসাননগর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত তরিকুল ইসলাম হরিণাকুন্ডু উপজেলার দুর্লভপুর গ্রামের শওকত আলীর ছেলে।

নিহতের স্বজনরা জানান, শনিবার সন্ধ্যায় সেনা সদস্য তরিকুল ইসলাম মোটরসাইকেল যোগে শৈলকুপার গাড়াগঞ্জ এলাকা থেকে ভাটই বাজারে ফিরছিল,ঘটনাস্থলে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক তাকে

ধাক্কা দিয়ে পালিয়ে যায়। এতে সে গুরুতর আহত হয়।সেখান থেকে স্থানীয়রা তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ঘটনার সত্যতা স্বীকার করেন।

চুয়াডাঙ্গায় তিন ফসলী জমি অধিগ্রহণ করার প্রতিবাদে গ্রামবাসীর মানবন্ধন

চুয়াডাঙ্গায় বিজিবির ট্রেণিং সেন্টার নির্মাণের জন্য তিন ফসলী জমি অধিগ্রহণ করার প্রতিবাদে গ্রামবাসী মানবন্ধন ও বিক্ষোভ করেছে।

শনিবার বেলা সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা সদরের হায়দার পুর ও জাফরপুরের তিন ফসলি জমির মাঠের মধ্যে এই মানববন্ধন করে গ্রামবাসী।

চুয়াডাঙ্গা শহর থেকে ৩ কিলোমিটার দুরে ঝিনাইদহ সড়কে ৬ বিজিবি ব্যাটালিয়নের সদর দপ্তর। ওখানে বিজিবি ট্রেনিং সেন্টার করার জন্য জমি অধিগ্রহণের সিদ্ধান্ত নিয়েছে ৬ বিজিবি। তবে কৃষকদের দাবী, জাফরপুর ও হায়দারপুরের ৩৮ ও ৩৯ নং মৌজার যে জমি অধিগ্রহণের জন্য নির্ধারণ করা হচ্ছে তা তিন ফসলি জমি। তাঁরা এ জমি অধিগ্রহণের জন্য দিতে রাজি নয়।

মানববন্ধনে বক্তব্য দেন কৃষক রজব আলী, রবিউল, সেহেল, আক্কাসসহ অনেকে। তারা বলেন, এ গ্রামের মানুষেরা চাষাবাদ ও কৃষিকাজের উপর নির্ভরশীল। এ এলাকায় ধান, ভুট্টা, পান, ডাল ফসল, আলু, কপি এবং খেজুর গাছের রস উৎপাদন হয়। এখানে ট্রেনিং সেন্টার করার জন্য বসত বাড়ীসহ প্রায় ৩০০ বিঘা জমি অধিগ্রহন করা হবে বলে শোনা যাচ্ছে। আমাদের এ জমিতে ১৪ মাসে ৪টি ফসল উৎপাদন হয়। বিভিন্ন সময়ে আমাদের

এই দুই গ্রাম থেকে স্টেডিয়াম করার জন্য ৫০ বিঘা, বিজিবি ক্যাম্প করার সময় সাড়ে ৩শ বিঘা, যুব উন্নয়ন প্রশিক্ষণ করার জন্য ১৫ বিঘা জমি অধিগ্রহণ করা হয়েছে। এ সময় গ্রামবাসী আরও বলেন যদি অধিগ্রহণ নামা তুলে না নেওয়া পর্যন্ত তারা তাদের মানববন্ধন চালিয়ে যাবে।

গাংনীর গাড়াডোবে একজনকে কুপিয়ে জখম করার অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব গ্রামে জমি সংক্রান্ত বিরোধের জেরে মোঃ আলাউদ্দিন (৫৫) নামের এক ব্যক্তিকে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। আলাউদ্দিন একই গ্রামের মৃত আতাহার মিয়ার ছেলে।

গত মঙ্গলবার গাড়াডোব গ্রামে এ ঘটনা ঘটে। একই এলাকার রেজাউল ইসলামের ছেলে মোঃ ইমন আলী, মৃত সমসের আলীর ছেলে মোঃ রেজাউল ইসলাম, মৃত নুর মোহাম্মদের ছেলে মোঃ আঃ সালাম, মৃত রায়হান আলী শেখের ছেলে মোঃ আবুল কালাম, মৃত কিনার বক্সের ছেলে সালাম ও মোঃ হায়দার এর ছেলে মোঃ আমিনুল এর বিরুদ্ধে।

মামলার এজাহার সূত্রে জানা গেছে, রেজাউল ইসলামের সাথে জমিজামা ভাগ বন্টন মোতাবেক আলাউদ্দিন নিজ বাড়িতে বসবাস করছে। কিন্তু দীর্ঘদিন ধরে রেজাউল ইসলাম আলাউদ্দিনের বসত বাড়ির উঠানের উপর জোরপূর্বক ঘরবাড়ি নির্মাণের চেষ্টা করে যাচ্ছে। বিষয়টি নিয়ে স্থানীয় ভাবে মিমাংসা করার চেষ্টা করা হলেও তা সম্ভব হয়নি। এর সূত্র ধরেই গত ১৮ জানুয়ারি সকালে ইমন আলী ও রেজাউল ইসলাম আলাউদ্দিনের বাড়ির ভিতরে অনধীকার প্রবেশ করে জোরপূর্বক উঠান দখল করে সিমেন্টের পিলার দিয়ে ঘেরার চেষ্টা করে এসময় তাদেরকে বাধা দিতে গেলে রেজাউল ইসলামের হাতে থাকা দা দিয়ে আলাউদ্দিনকে কুপিয়ে রক্তাক্ত জখন করে। এসময় রেজাউল ইসলামের সঙ্গে থাকা লোকজন আলাউদ্দিনকে এলোপাথাড়ি পিটিয়ে গুরুত্বর আহত করে।

এসময় আলাউদ্দিনের চিৎকারে স্থানীয়রা ছুটে এলে হামলাকারীরা বাড়ির মেইন গেট ভাংচুর সহ বিভিন্ন হুমকি দিয়ে স্থান ত্যাগ করে। এসময়

স্থানীয়রা আলাউদ্দিনকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। পরে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করে। আলাউদ্দিনের হাতে ১০টি সেলাই দেওয়া হয়েছে। এই ঘটনায় গত বুধবার (১৯ জানুয়ারি) গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ১০।

দুই ডোজ টিকা নিয়েও আলমডাঙ্গার ইউএনও করোনা আক্রান্ত

দুই ডোজ টিকা গ্রহণ করার পরও আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রনি আলম নুর করোনায় আক্রান্ত হয়েছেন।

বুধবার রাতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দেওয়া নমুনা পরীক্ষায় তার করোনা পজিটিভ আসে।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা ডা. হাদি জিয়া উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, বুধবার ইউএনও রনি আলম নুর শরীরে অসুস্থতা দেখা দেয়।

পরে রাতে স্বাস্থ্য কমপ্লেক্সে তিনি নমুনা দেন এবং র্যাপিড অ্যান্টিজেন টেস্ট রিপোর্টে তার করোনা পজিটিভ আসে। একই সাথে গাড়ির ড্রাইভারসহ দুই বডিগার্ডের করোনা পরিক্ষা নেগেটিভ আসে।

এ ব্যাপারে ইউএনও রনি আলম নুর মুঠোফোনে বলেন, তিনি বাসায় আইসোলেশনে রয়েছেন। তার শরীর অনেকটা ভালো আছে। তিনি সবার কাছে দোয়া চেয়েছেন